দৈনিক সংবাদ

MAR 31 200

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা মেডিক্যাল কলেজে অধ্যাপকের ৮টি পদ শূন্য

**বাকি বিল্লাহ ঃ** ঢাকা মেডিক্যাল কলেজে বিভিন্ন বিভাগে অধ্যাপকের ৮টি পদসহ প্রায় ২৫টি পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। ফলে কলেজের শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। এছাড়া কলেজে বিভিন্ন বিভাগে শিক্ষার আনুষঙ্গিক যন্ত্রপাতির অভাব রয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

সূত্র জানায়, দীর্ঘদিন ধরে কলেজের মাইক্রোবায়োলজি বিভাগ, বায়োকেমিস্ট্রি বিভাগ, কার্ডিওলজি বিভাগ, গ্যাস্ট্রো এন্টোলজি বিভাগ, নিউক্লিয়ার মেডিসিন বিভাগ, ইউরোলজি বিভাগ, প্লাস্টিক সার্জারি বিভাগ ও শিশু সার্জারি বিভাগে অধ্যাপকের পদ শূন্য রয়েছে।

এছাড়াও ফরেনসিক মেডিসিন বিভাগ, কমিউনিটি মেডিসিন বিভাগ, হেমাটোলজি বিভাগ, অর্থোপেডিক্স সার্জারি বিভাগে সহযোগী অধ্যাপকের ১টি করে পদ শূন্য রয়েছে।

সূত্র আরো জানায়, শিক্ষকের অভাবে বিভাগগুলো বছরের পর বছর ভারপ্রাপ্ত কিংবা সহকারী অধ্যাপকদের দিয়ে চালানো হচ্ছে। বহু বিভাগে ঠিকমতো ক্লাসও হয় না।

নাম প্রকাশে অনিচ্ছুক এক সিনিয়র শিক্ষক জানান, দেশে সিনিয়র চিকিৎসা বিশেষজ্ঞ তথা প্রফেসরের অভাব রয়েছে, যার কারণে পদ শূন্য আছে।

বিশেষজ্ঞ শিক্ষক ও চিকিৎসকের অভাবে শুধু কলেজ নয় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের চিকিৎসা কার্যক্রমেও ব্যাঘাত সৃষ্টি হচ্ছে।

এছাড়াও অনেক শিক্ষক ক্লাস না নিয়ে প্রায়শ মিটিং ও অনুষ্ঠানাদি নিয়ে ব্যস্ত থাকেন। আবার জুনিয়র চিকিৎসকরা ছুটি নিয়ে বিদেশে প্রশিক্ষণের জন্য গিয়ে আর ফিরে আসেন না।